

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ / ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১৭৪-আইন/২০১৩/৬৭৮-মুসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৬ ফাল্গুন, ১৪১০ বঙ্গাব্দ মোতাবেক ৯ মার্চ, ২০০৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৬০-আইন/২০০৪/৪০১-মুসক এর মাধ্যমে জারিকৃত মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার “ফরম-ক” ঘোষণাপত্র এর ক্রমিক ১ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক ১ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

- “১। (ক) ইট প্রস্তুতকারক প্রতিষ্ঠান/ব্যক্তির নাম:
(খ) পিতার নাম :
(গ) মাতার নাম :”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মুসক নীতি)